একই বিজ্ঞপ্তি, স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-১৯/২০২৫ জে, তারিখ : ২৮ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ১৩ অক্টোবর, ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: সকল জেলায় পৃথক বিচারিক ম্যাজিস্ট্রেট আদালত গঠন সংক্রান্ত।**

সূত্র: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৫ এর ০৯.১০.২০২৫ খ্রি. তারিখের স্মারক নং ১০.০০.০০০০.১২৯.১৮.০৩৮.২০.১৫১২।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সকল চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে কর্মরত ম্যাজিস্ট্রেটগণ নির্দিষ্ট আমলী এলাকার অপরাধসমূহ আমলে গ্রহণ করেন এবং সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রেরিত মামলাসমূহের বিচার করে থাকেন। আমলে গ্রহণের পাশাপাশি একজন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট পুলিশের তদন্ত তদারকি, তদন্তে সহায়তা, জামিন শুনানি, রিমান্ড শুনানি, বিভিন্ন বিশেষায়িত আইনের অধীনে সামারি কোর্ট পরিচালনা, এফিডেভিট সম্পাদনসহ নানাবিধ কাজ করে থাকেন। আমলি আদালতের বিভিন্ন কর্ম ব্যস্ততার কারণে সংশ্লিস্ট ম্যাজিস্ট্রেটগণ তার দৈনিক কর্মঘন্টার মধ্যে তার বিচারিক কাজে পর্যাপ্ত সময় দিতে পারেন না বিধায় সকল জেলায় পৃথক বিচারিক ম্যাজিস্ট্রেট আদালত গঠন করা আবশ্যক।

২। এমতাবস্থায়, ম্যাজিস্ট্রেট আদালতে বিচার্য মামলাসমূহের দ্রুত নিস্পত্তির নিমিত্ত বিদ্যমান ম্যাজিস্ট্রেট আদালতের মধ্যে কিছু আদালতকে শুধুমাত্র বিচারিক ম্যাজিস্ট্রেট আদালত হিসেবে দায়িত্ব পালনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকল চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট-কে নির্দেশনা প্রদান করা হলো।

মাননীয় প্রধান বিচারপতির সানুগ্রহ আদেশক্রমে

**স্বাক্ষরিত**
(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫
ইমেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-৯৩৪০ (৮) জে, তারিখ : ২৮ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ১৩ অক্টোবর, ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ------------------------------------------- (সকল)।
৪। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,------------------------------------------(সকল)।
৫। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,------------------------------------------(সকল)।
৬। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭। মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। অফিস কপি।

১৬.১০.২৫

(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন: +৮৮০২২২৩৩৮১৮৬৫
ইমেইল: aticklaw@gmail.com